

# বাণী

সময়: সকাল ৭ :00- ১১:২০ মিনিট ।

তারিখ: শুক্রবার, ২৬ফেব্রুয়ারী, ২০২১খ্রি.

স্থান: বন্ধন ফাউন্ডেশন এর ফাউন্ডেশন অফিস ।

আউজুবিল্লাহি মিনাশ্শাই ত্বোনির রাজীম । বিসমিল্লাহির রাহমানির রাহীম । সমস্ত প্রশংসা একমাত্র মহান আল্লাহ্ তা'য়ালার জন্য। আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ। প্রথমেই ক্ষমা চেয়ে নিচ্ছি, সৃষ্টির শেষ্ঠ জীব মানুষ সম্পর্কে নিম্নোক্ত মন্তব্য করার জন্যে (মানবতার প্রয়োজনে দায়িত্ব নেয়ার উদ্দেশ্যে)। প্রিয় দেশবাসী, মুসলিম সমাজ আজ অর্থ ও ক্ষমতাকে কেন্দ্র করে আবর্তমান। যেখানে ঈমান ও আমলের শুন্যতা বিরাজমান। মানুষের কথা, কাজ ও ব্যবহারে চলছে স্বার্থান্বেষীতা ও স্বজনপ্রিয়তা। যার কেন্দ্রে সত্য ও ন্যায় প্রায় নেই বললেই চলে। নিজ পরিবারের ২/১ জন সদস্য আপন হলেও বাকি সবাই যেন হিংসার পাত্র। আবার তাদের বাক্যে, চিন্তায় ও কর্মে নেই কোন মিল। কেবলই মুনাফেকির চিহ্ন সুস্পষ্ট। আর তাই মানুষের লেনদেন, জ্ঞান-গরীমা ও জীবনের কার্যকলাপ একত্রিত করে গাণিতিক সূত্র দিয়ে মিজানের পাল্লায় বিচার করলে, আলকুরআনের বাণী, **মহান আল্লাহ্ তা'য়ালার তাঁকে স্মরণের জন্য তাঁর কিতাবকে (আল কোরআন) সহজ করে দিয়েছেন** এবং হাদীসের বাণী, **ইসলাম সহজ ধর্ম**। এ ধরনের কথাগুলো আমি প্রমাণ করতে পারিনা। তাই মাঝে মাঝে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের এ কথায় চিন্তায় পড়ে যাই। **লাঞ্ছিত মানবতা শংকিত পৃথ্বী আজ, দিকে দিকে দাবানল জ্বলছে; এ আকাশ এ বাতাস সত্যের মশালের বাহকের সন্ধান করছে।** এ বাহক বলতে তিনি কাকে বোঝাচ্ছেন? তাহলে আপনার – আমার কি কোন দায়িত্ব নেই! আসুন মুসলিম উম্মার এ পর্যন্ত বাঙ্গালী কবিদের মধ্যে সর্বশ্রেষ্ঠ কবি, কাজী নজরুল ইসলাম (মহান আল্লাহ্ তা'য়ালার তাঁকে জান্নাতুল ফেরদাউস নচীব করুন) এর এ ৩টি কথায় সাড়া দিই। **১। গাহি সাম্যের গান, যেখানে আসিয়া মিশেছে হিন্দু, বৌদ্ধ, মুসলিম, খ্রিস্টান। ২। মিথ্যা শুনি নি ভাই, এ হৃদয়ের চেয়ে বড় কোন মন্দির কাবা নাই। ৩। সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই।** সাথে সাথে গৌতমবুদ্ধের **অহিংস নীতি** ও বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের নিম্নোক্ত ২টি কথায় আমল করতে থাকি। **১। বিশ্বজোড়া পাঠশালা মোর সবার আমি ছাত্র এবং ২। যেখানেই পাবে ছাই, উড়িয়ে দেখ তাই; পাইলেও পাইতে পার অমূল্য রতন।** এ প্রসঙ্গে আমি সবাইকে স্পষ্ট করে জানাচ্ছি যে, আমি শুধু একজন ব্যক্তির কিংবা একটি পরিবারের কিংবা একটি গোত্রের বা একটি দেশের অথবা একটি জাতীর অথবা শুধু কোন নির্দিষ্ট স্থানের নই; আমি স্থান কাল পাত্র ভেদে সকল মানুষের, সকল স্থানের। আবার আপনাদেরকে মনে করিয়ে দিচ্ছি যে, আমি বাস্তবেই দেশ যন্ত্রের বা

দেশাচারের কোন গোলাম নই, আমি হচ্ছি এ দেশ ও মানুষের একজন একনিষ্ঠ সেবক এবং মুসলমানদের একজন প্রকৃত বন্ধু; টাকার কাছে আমি মাথা নত করতে জানি না। এছাড়া টাকার বা পদবীর বা আত্মসম্মানের জন্য আমি আমার এ বয়স পর্যন্ত এখনো কারো নিকট সেজদা বা তোষামদ করিনি। আর তাই আল করআন ও আল হাদিসে যা আছে আমি শুধু তাই করবো, এবং না বুঝে আমি কারো কোন কথা বা কাজে সাড়া দিবো না (সে যত বড় লোকই হোক)। আমার এ জীবদ্দশায় ইনশা'আল্লাহ তা'য়ালার আমি কারো ক্ষতি করবো না। আপনার ভাল কথা বা কাজে আমি অংশগ্রহণ করবো অথবা সমর্থন দিবো এবং আপনার মন্দ কথা বা কাজকে সব সময় বয়কট করবো; তাই যে কোন সময় বা আপনার যে কোন কথা বা কাজে (ভালো/মন্দ) আমাকে হয়ত পাবেন না (যদি এমনটি হয়)। কারণ এ আচরণ স্বার্থবাজ আর স্বজনপ্রীতিবাজ বা দলবাজ লোকদের কাছ থেকেই পাবেন, আমার কাছ থেকে নয়। আমি আপনার সুনাম কিংবা বদনামের জন্য কাজ করি না, আমি একমাত্র আমার রব মহান আল্লাহ তা'য়ালাকে সন্তুষ্ট করার জন্য কাজ করি। তবে আমি সরকারী আইন ফাঁকি দেয়া বা রাজনীতিতে জড়িত হওয়া এসব করবো না। পরিশেষে আপনাদের সকলের মঙ্গল ও উন্নতি কামনা করে শেষ করছি। ধন্যবাদ সবাইকে। আল্লাহ হাফেজ। আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।



26.02.2021

(মুহাম্মদ আরিফ উল্যাহ)

উদ্যোক্তা, প্রতিষ্ঠাতা ও কর্ম পরিষদের প্রথম এমডি, বন্ধন ফাউন্ডেশন।